যুগান্তর

তারিখ 17 JAN 2017
পৃ: ২৭ কলাম ৫

ভর্তি বাণিজ্য ও দুর্নীতি

# দুই শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান শিক্ষককে জিজ্ঞাসাবাদ

**যুগান্তর রিপোর্ট**

মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ড. শাহান আরা বেগম এবং মতিঝিল সরকারি বালক উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ হাফিজুল ইসলামকে জিজ্ঞাসাবাদ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সোমবার বেলা ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত পর্যায়ক্রমে তাদের জিজ্ঞাসাবাদ করা হয়। দুদকের পরিচালক (তদন্ত) মীর জয়নুল আবেদীন শিবলীর নেতৃত্বে গঠিত দুই সদস্যের টিম ওই দুটি স্কুলে গিয়ে তাঁদের জিজ্ঞাসাবাদ করে। রাজধানীর নামি-দামি ১৫ শিক্ষাপ্রতিষ্ঠানের ভর্তি বাণিজ্য ও অনিয়ম-দুর্নীতির অনুসন্ধানে অংশ হিসেবে প্রথম ধাপে দুই স্কুলপ্রধানকে জিজ্ঞাসাবাদ করা হয়। আজ আরও দুটি প্রতিষ্ঠানপ্রধানকে জিজ্ঞাসাবাদের কথা রয়েছে।